(B E N G A L I)

121. 'অবিরাম' এবং 'অভিরাম' এই সমোচ্চারিত ভিন্নার্থক শব্দের অর্থ পার্থক্য নির্ণয় কর।

(A) নিত্য এবং অফুরন্ত (B) দ্রুত এবং অলঙ্কার

(C) অনবরত এবং সুন্দর (D) অবারিত এবং অচঞ্চল

---

122. বাল্যকালে বঙ্কিমচন্দ্র কোন্ পত্রিকায় কৃত্রিম ভাষায় প্রবন্ধ লিখেছিলেন ?

(A) প্রবাসী (B) সাময়িক পত্র (C) বঙ্গদর্শন (D) সংবাদ প্রভাকর

---

123. নীচের কোন্ গ্রন্থটি ইশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মৌলিক রচনা ?

(A) বেতাল পঞ্চ বিংশতি (B) সীতার বনবাস (C) ভ্রান্তি বিলাস (D) প্রভাবতী সম্ভাষণ

---

124. সন্ধি এবং সমাসের ক্ষেত্রে নীচের কোন্ বাক্যটি সত্য ?

(A) সন্ধিতে পদের বিভক্তি লোপের প্রশ্ন নেই (B) সমাসে পদের বিভক্তি লোপের প্রশ্ন নেই

(C) সন্ধিতে বিভক্তির ব্যবহার নেই (D) উপরের একটিও নয়

---

125. গৌহাটী থেকে প্রকাশিত একমাত্র দৈনিক পত্রিকার সম্পাদক ছিলেন জ্যোতিপ্রসাদ আগরওয়ালা। পত্রিকাটির নাম কি ছিল ?

(A) জনমভূমি (B) নিয়মিয়া বার্তা (C) অসমীয়া (D) আসাম বার্তা

---

126. হিতাহিত - এটি কোন্ সমাস ?

(A) বহুব্রীহি (B) কর্মধারা (C) দ্বন্দ্ব (D) উপপদ তৎপুরুষ

---

127. রবীন্দ্রনাথের 'গোরা' উপন্যাসটি নীচের কোন্ শ্রেণীর অন্তর্ভুক্ত ?

(A) ঐতিহাসিক উপন্যাস (B) দ্বন্দ্বমূলক উপন্যাস

(C) বৃহত্তর সমস্যামূলক উপন্যাস (D) রোমান্টিক উপন্যাস

---

128. ''বাংলা গদ্যে যতি সন্নিবেশ করে; পদবন্ধ ভাগ করে এবং সুললিত শব্দ বিন্যাস করে বিদ্যাসাগর তথ্যের ভাষাকে রসের ভাষায় পরিণত করেন'' - উক্তিটি কার ?

(A) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (B) রবীন্দ্রনাথ ঠাকুর

(C) রাজা রামমোহন রায় (D) মৃত্যুঞ্জয় তর্কালংকার

---

129. দক্ষিণ-পশ্চিম প্রান্ত বঙ্গের উপভাষা কি ?

(A) বরেন্দ্রী (B) ঝাড়খণ্ডী (C) বঙ্গালী (D) কামরূপী

---

130. ভাষা শিক্ষার ক্ষেত্রে প্রথাগত শিক্ষায় পঠন, শ্রবণ, কথন, লিখনের মাত্র দুইটি আমরা শিখতে পারি। - সেই দুটি কি কি ?

(A) শ্রবণ - কথন (B) কথন - লিখন (C) শ্রবণ - পঠন (D) পঠন - লিখন

---

131. জ্যোতিপ্রসাদ আগরওয়ালার মায়ের নাম কি ছিল ?

(A) উমাদেবী (B) ভুবনেশ্বরী (C) কিরণময়ী (D) স্নেহলতা

---

132. সুকুমার রায়ের মায়ের নাম কি ছিল ?

(A) বিধুমুখী দেবী (B) সুপ্রভা দেবী (C) প্রভাময়ী দেবী (D) সারদা দেবী

---

133. নীচের কোন্ উপন্যাসটি বঙ্কিমচন্দ্রের তত্ত্ব ও দেশাত্মবোধক উপন্যাস ?

(A) বিষবৃক্ষ (B) কৃষ্ণকান্তের উইল (C) আনন্দ মঠ (D) দুর্গেশ নন্দিনী

---

134. নীচের কোন্ বাক্যটিতে 'উদার' শব্দের বিপরীতার্থক শব্দের প্রয়োগ হয়েছে ?

(A) শ্রীভগবানের চরণে তোমার অপার প্রেম (B) কপট ব্যক্তির সংস্পর্শে যেয়োনা

(C) পাপচিন্তা পরিত্যাগ করো (D) সংকীর্ণ মনোভাব ভাল নয়

---

135. সরকারি উপাধি ও একাডেমি পুরস্কারের লোভে আজকাল অনেক সাহিত্যিকই ভোল পাল্টে সরকারের _____ তে পরিণত হয়েছে। - শূণ্যস্থানে নীচের কোন বাগ্‌ধারাটি যথোপযুক্ত ?

(A) কলুর বলদ (B) ইঁচড়ে পাকা (C) খয়ের খাঁ (D) একাদশে বৃহস্পতি

---

136. প্রাচীন ভারতীয় আর্য ভাষার শ্রেষ্ঠ নিদর্শন কোন্‌টি ?

(A) আরণ্যক (B) ঋগ্বেদ সংহিতা (C) ব্রাহ্মণ (D) উপনিষদ্

---

137. ধীরে চল। - বিভক্তি নির্ণয় কর।

(A) সম্বোধনে প্রথমা (B) ক্রিয়া বিশেষণে দ্বিতীয়া

(C) অব্যয় যোগে প্রথমা (D) ভাব বিশেষ্যর কর্ম নির্দেশ করতে দ্বিতীয়া

---

138. 'পদ্ম' শব্দটির সমার্থক শব্দ কোন্‌টি ?

(A) সরসিজ (B) অদ্রি (C) প্রসূন (D) গন্ধবহ

---

139. প্রত্যক্ষ উক্তি নির্ণয় কর -

(A) তিনি রামকে ডেকে বললেন যে সে পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে।

(B) যদুবাবু বললেন রমার দিল্লী গিয়ে খুব ভাল লেগেছে।

(C) সে কাছে আসিয়া বলিল, ''এই আঙুর এবং কিঞ্চিৎ কিশমিশ বাদাম খোঁকার জন্য আনিয়াছিলাম তাহাকে দিবেন।''

(D) সীতারাম বাবু বললেন, অনুপ দেশে ফিরে সোজা মায়ের কাছে যাবে, অন্যত্র কোথাও যাবেনা।

---

140. মধ্য পশ্চিমবঙ্গের উপভাষা কি ?

(A) বঙ্গালী (B) রাঢ়ী (C) বরেন্দ্রী (D) ঝাড়খণ্ডী

---

141. আমাদের দেশে মাতৃভাষা শিক্ষার অবহেলার কারণ কি ?

(A) যথেষ্ট পরিমাণে মাতৃভাষা চর্চার অভাব

(B) ইংরেজ শাসনের কুফল

(C) জাতীয় সাহিত্য বা সংস্কৃতি সম্পর্কে অসচেতনতা

(D) আত্মমর্যাদাবোধের অভাব

---

142. একদিন এই দেখা হয়ে যাবে শেষ
পড়িবে নয়ন পরে অন্তিম নিমেষ - এই কবিতাংশটির 'একদিন এই দেখা'/'পড়িবে নয়ন পরে' ইত্যাদি অংশে কি চিহ্ন ব্যবহৃত হবে ?

(A) পূর্ণযতি (B) অর্ধযতি (C) লঘুযতি (D) উপযতি

---

143. আমাদের দেশে বেশির ভাগ লোক বিদেশী ভাষা বা ইংরেজী ভাষা শিক্ষা কেন করে ?

(A) রসপিপাসা নিবৃত্তির জন্য (B) বিদেশী সাহিত্য সম্পর্কে জ্ঞান অর্জনের জন্য

(C) অর্থ উপার্জনের জন্য (D) জ্ঞান অর্জনের জন্য

---

144. কাজী নজরুল ইসলামকে 'নবযুগ' পত্রিকার সম্পাদক পদে কে নিযুক্ত করেন ?

(A) আবুল কালাম শামসুদ্দিন (B) অতুল প্রসাদ সেন

(C) ভবানী মুখোপাধ্যায় (D) ফজলুল হক সাহেব

---

145. সুকুমার রায় তাঁর পরিবার থেকে প্রকাশিত হওয়া যে শিশুসাহিত্য পত্রিকায় লিখতেন সেই পত্রিকাটির নাম :

(A) সখা (B) বালক (C) কিশোর (D) সন্দেশ

---

146. 'কালনেমির লঙ্কাভাগ' বাগ্‌ধারাটির অর্থ কি ?

(A) আশাপূর্ণ না হওয়া (B) মূলেই ত্রুটি

(C) যার জিনিষ তা দিয়ে তাকেই অভ্যর্থনা করা (D) ফল প্রাপ্তির আগেই তা ভাগ করা

---

147. বাংলা ভাষার প্রাচীন যুগের সময় নির্ধারণ কর।

(A) নবম শতাব্দী থেকে একাদশ শতাব্দী (B) দশম শতাব্দী থেকে দ্বাদশ বা ত্রয়োদশ শতাব্দী

(C) দ্বাদশ শতাব্দী থেকে অষ্টাদশ শতাব্দী (D) একাদশ শতাব্দী থেকে পঞ্চদশ শতাব্দী

---

148. 'মেঘনাদ বধ' কাব্যের সমালোচনা রবীন্দ্রনাথ কোন্ পত্রিকায় করেছিলেন ?

(A) বঙ্গদর্শন (B) সবুজপত্র (C) ভারতী (D) প্রগতি

---

149. 'হস্তী' শব্দটির সমার্থক শব্দযুক্ত নীচের কোন্ বাক্যটি ?

(A) ভুক্তা কে ভয় পায় না কে ? (B) পর্জন্যের গম্ভীর নাদে সে সন্ত্রস্ত হয়ে উঠেছে

(C) বণ্য মাতঙ্গের মতো ব্যবহার করবে না (D) বিপদে পড়লে উগরকে ভয় করতেই হয়

---

150. আদি মধ্য বাংলার সাহিত্যিক নিদর্শন কোন্‌টি ?

(A) চর্যাপদ (B) বিমুগ্ধ মুখমণ্ডল (C) শ্রীকৃষ্ণ কীর্তন (D) শ্রীচৈতন্যচরিতামৃত
